

নথি নং-১ই-৬৬/২০১৭

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

অফিস আদেশ নং-১৮২/২০২০ (এ এন্ড সি)

তারিখঃ-১৮/০৬/২০২০ খ্রিঃ

নিম্নবর্ণিত প্রার্থীকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে “ড্রাইভার” এর শূন্য পদে প্রচলিত ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯,৩০০-২২,৪৯০/- টাকার স্কেলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কাজে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শিক্ষানবিশ হিসেবে নিয়োগ প্রদান করা হলো। বিভাগীয় প্রার্থী পে-প্রটেকশনের সুবিধা পাবেনঃ-

| ক্রমিক নং | নাম ও পিতার/স্বামীর নাম | রোল নং | পদের নাম | মন্তব্য |
|-----------|---|--------|----------|---------|
| ১. | জনাব মোঃ আবু বকর পিতা- মোঃ খালেক হাং | ০৩ | ড্রাইভার | |

নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে আগামী ০২ / ০৭ / ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে অফিস সময়ে কাজে যোগদানের জন্য নির্দেশ দেওয়া হলো।

শর্তাবলীঃ-

- ১। চাকুরীতে যোগদানের সময় তাঁর বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল প্রয়োজনীয় মূল/প্রতিশ্রুতি সাংগঠনিক দাখিল করতে হবে।
- ২। নির্দিষ্ট তারিখের মধ্যে কাজে যোগদান না করলে তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৩। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হলো। তাকে বিনা নোটিশে বা কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন সময় চাকুরীচ্যুত করা যাবে।
- ৪। শিক্ষানবিশকালীন মেয়াদের কর্ম সন্তোষজনক হলে তাকে চাকুরীতে স্থায়ী করবার বিষয় যথাসময়ে বিবেচনা করা হবে।
- ৫। চাকুরীতে যোগদানের সময় ১৯৬৬ সালের অস্থায়ী চাকুরী বিধি অনুযায়ী একটি প্রতিশ্রুতি (আন্ডার টেকিং) ফরম এবং অত্র কোর্ট কর্তৃক নির্ধারিত ফরমে একটি আন্ডার টেকিং পূরণ করতে হবে এবং নিজ খরচে টাকার নির্ধারিত সিভিল সার্জন/মেডিকেল বোর্ড এর নিকট হতে শারীরিক যোগ্যতার সনদপত্র সংগ্রহ পূর্বক দাখিল করতে হবে।
- ৬। কাজে যোগদানের পর যথানিয়মে প্রত্যেক প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন গ্রহণ করা হবে এবং তাঁর ড্রাইভিং লাইসেন্স যাচাই করা হবে, যাহা অবশ্যই সন্তোষজনক হতে হবে।
- ৭। কর্মে যোগদানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

আদেশক্রমে,

স্বা/-

তাং- ১৮/০৬/২০২০

ডেপুটি রেজিস্ট্রার

(সার্বিক ও আদি অধিক্ষেত্র)

ফোনঃ ৯৫৭০৯৯১।

স্মারক নং- ১৮৮৮/২০

জি,এস,

তারিখঃ- ১৮/০৬/২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।


৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)।

৪। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৫। সুপারিনটেনডেন্ট, পরিবহন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

৬। জনাব মোঃ আবু বকর, পিতা- মোঃ খালেক হাং, গ্রাম/পাড়া/মহল্লাঃ সিংহেরাকাঠী, ডাকঘরঃ কালীশুরী, উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী।

৭। অফিস কপি/গার্ড ফাইল।



সহকারী রেজিস্ট্রার

(সাধারণ ও সংস্থাপন) (ডোর স্বাক্ষর)